

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪.২০১৮-৫৯

তারিখ- ২০২. .২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ আবু সাদাত মোঃ সায়েদ শরীফ (১৩২৫০০), মেডিকেল অফিসার, পাঁচপীর উপ-স্বাস্থ্য কেন্দ্র, বোদা, পঞ্চগড়ের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, ডাঃ আবু সাদাত মোঃ সায়েদ শরীফ (১৩২৫০০), মেডিকেল অফিসার, পাঁচপীর উপ-স্বাস্থ্য কেন্দ্র, বোদা, পঞ্চগড় গত ২৬.০৪.২০১৭ খ্রিঃ হতে অদ্যাবধি পর্যন্ত কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিতি আছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালায় পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।



(মোঃ সিরাজুল হক খান)
সচিব

ডাঃ আবু সাদাত মোঃ সায়েদ শরীফ (১৩২৫০০)
মেডিকেল অফিসার
পাঁচপীর উপ-স্বাস্থ্য কেন্দ্র
বোদা, পঞ্চগড়।
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম- সাকোয়া, পোষ্টঃ সাকোয়া, উপজেলা- বোদা, জেলা- পঞ্চগড়)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪.২০১৮-৫৯/৩(৫)
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

তারিখ- ২০২. .২০১৮ খ্রিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য বিভাগ, রংপুর।
- ৪। সিভিল সার্জন, পঞ্চগড়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd